Educationblog24.com

# কবিতা ০৮



# পদ্মা

## ফররুখ আহমদ

## একনজরে সূচি — কবিতায় প্রতিটি পাঠ যেভাবে উপস্থাপিত হয়েছে


- শিখনফলভিত্তিক সৃজনশীল প্রশ্ন বিশ্লেষণ ---------- পৃষ্ঠা ৪০৩
- বহুনির্বাচনি অংশ
  - RAPID PREPARATION -------------------- পৃষ্ঠা ৪০৩
  - কলেজ ও মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন ও উত্তর ----- পৃষ্ঠা ৪০৪
- সৃজনশীল অংশ
  - কলেজ ও মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন ও উত্তর ---- পৃষ্ঠা ৪০৭
  - জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ---------------------- পৃষ্ঠা ৪১৪
  - অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ------------------ পৃষ্ঠা ৪১৪
- এক্সক্লুসিভ সাজেশন্স
  - ১০০% প্রস্তুতি উপযোগী প্রশ্ন ------------------ পৃষ্ঠা ৪১৫
- প্রস্তুতি যাচাই ও মূল্যায়ন
  - এক্সক্লুসিভ মডেল টেস্ট : বহুনির্বাচনি ------------ পৃষ্ঠা ৪১৬
  - এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল --------------- পৃষ্ঠা ৪১৭


## শিখনফলভিত্তিক সৃজনশীল প্রশ্ন বিশ্লেষণ

| শিখনফল | গুরুত্ব |
|---|---|
| শিখনফল ১ : বাংলার মানুষের সঙ্গে নদীর সম্পর্ক। | 7★ |
| শিখনফল ২ : পদ্মা নদী সম্পর্কে ধারণা। | 5★ |
| শিখনফল ৩ : প্রবহমান নদীর তীব্রতা। | 3★ |
| শিখনফল ৪ : বন্যার ফলে সৃষ্ট দুর্যোগ। | 7★ |
| শিখনফল ৫ : নদীর গুরুত্ব। | 5★ |
| শিখনফল ৬ : পলিমাটির গুণাবলি। | 7★ |
| শিখনফল ৭ : জীবনে গতির প্রয়োজনীয়তা। | 5★ |
| শিখনফল ৮ : পদ্মার বিভিন্ন রূপ। | 3★ |
| শিখনফল ৯ : নদীর সঙ্গে যাদের জীবন-জীবিকা জড়িত তাদের কথা। | 5★ |
| শিখনফল ১০ : পদ্মার হিংস্র রূপ। | 7★ |



## বহুনির্বাচনি অংশ — চূড়ান্ত প্রস্তুতিমূলক প্রশ্ন ও উত্তর

**A+ গ্রেড এর নিশ্চয়তা** | NCTB প্রদত্ত পূর্ণাঙ্গ সিলেবাস ও চূড়ান্ত মানবণ্টনের আলোকে এইচএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির নিশ্চয়তায় পাঠ/টপিকের ধারায় শীর্ষস্থানীয় কলেজ ও মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর।

## RAPID PREPARATION — বহুনির্বাচনি অংশের জন্য গুরুত্বপূর্ণ তথ্যাবলি

১. কবি ফররুখ আহমদ উনিশ শতকের চল্লিশের দশকে আবির্ভূত শক্তিমান কবিদের মধ্যে অন্যতম।
২. কবি ফররুখ আহমদ ইসলামি ঐতিহ্যের পুনরুজ্জীবনে বিশ্বাসী।
৩. ফররুখ আহমদ মরণোত্তর একুশে পদকে ভূষিত হন।
৪. 'পদ্মা' ফররুখ আহমদের 'কাফেলা' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত কবিতা।
৫. 'কাফেলা' কাব্যগ্রন্থটি ১৯৮০ সালে প্রকাশিত হয়।
৬. 'পদ্মা' কবিতাটি একটি সনেট।
৭. 'পদ্মা' কবিতার প্রতিটি পঙ্‌ক্তিতে রয়েছে ১৮ মাত্রা।
৮. 'পদ্মা' কবিতাটির মিলবিন্যাস– কখক খগখ গঘগঘ ঘঙঘ ঙঙ।
৯. পদ্মা বাংলাদেশের অসংখ্য নদ-নদীর মধ্যে সর্ববৃহৎ।
১০. 'পদ্মা' কবিতায় জলদস্যু হার্মাদের কথা বলা হয়েছে।
১১. হার্মাদ হলো পর্তুগিজ জলদস্যু।
১২. পদ্মার দুই তীরে লাঙল চালিয়ে বাংলার সংগ্রামী কৃষক প্রচুর শস্য ফলায়।

CamScanner

Educationblog24.com



১৩. পলিমাটিতে পদ্মার চর উর্বর হয়।
১৪. ফররুখ আহমদ ১৯১৮ সালে খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন।
১৫. ফররুখ আহমদ ছোটদের জন্য ছড়া ও কবিতা লিখেছেন।
১৬. ফররুখ আহমদ ১৯৭৪ সালে সালে মৃত্যুবরণ করেন।
১৭. দুরন্ত হার্মাদ অনেক ঘূর্ণিতে ঘুরেছে।
১৮. জীবনের পথে পথে জলদস্যুরা অভিজ্ঞতা কুড়িয়েছে।
১৯. তরঙ্গভঙ্গো চরের বর্ণ পাণ্ডুর হয়েছে।
২০. 'পদ্মা' কবিতায় সংগ্রামী মানুষ পদ্মার দুই তীরে লাঙল চালায়।
২১. 'লাঙল' চালানোর সঙ্গো চর বিষয়টি সম্পৃক্ত।
২২. জীবন-মৃত্যুর দ্বন্দ্ব নিঃসংশয়।
২৩. 'পদ্মা' কবিতায় সংগ্রামী মানুষ নির্ভীক জওয়ান।
২৪. জীবনের অজস্র সম্ভার বর্ষার সময় ভেসে যায়।
২৫. 'পদ্মা' কবিতায় পরিপূর্ণ আহ্বান জাগার কথা বলা হয়েছে।
২৬. 'পাণ্ডুর' শব্দের অর্থ পাংশুটে।
২৭. 'সম্বল' শব্দের অর্থ পাথেয়।
২৮. ফররুখ আহমদ ঢাকা বেতারে চাকরি করতেন।
২৯. 'পদ্মা' কবিতায় পদ্মার তরঙ্গভঙ্গোর কথা বলা হয়েছে?
৩০. 'পদ্মা' কবিতায় পদ্মার সুতীব্র গতির কথা বলা হয়েছে?

## কলেজ ও মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — পাঠ/টপিকের ধারায় উপস্থাপিত

### কবি-পরিচিতি ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ২৮৯

১. 'পদ্মা' কবিতার রচয়িতা কে?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ সত্যেন্দ্রনাথ দত্ত
গ ফররুখ আহমদ ঘ কাজী নজরুল ইসলাম
উত্তর: গ

২. ফররুখ আহমদ কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?
ক ১৯১৫ সালে খ ১৯১৬ সালে
গ ১৯১৭ সালে ঘ ১৯১৮ সালে
উত্তর: ঘ

৩. ফররুখ আহমদ মাগুরা জেলার কোন গ্রামটির সঙ্গো সম্পর্কিত–
ক মাঝআইড় খ মাঝআইল
গ মচমইল ঘ মিঠামইন
উত্তর: খ

৪. ফররুখ আহমদ কোথায় চাকরি করতেন?
ক ঢাকা বেতারে খ খুলনা বেতারে
গ রাজশাহী বেতারে ঘ চট্টগ্রাম বেতারে
উত্তর: ক

৫. ঢাকা বেতারে ফররুখ আহমদ কী হিসেবে চাকরি করতেন?
ক স্টাফ রিপোর্টার খ স্টাফ রাইটার
গ সম্পাদক ঘ সহযোগী সম্পাদক
উত্তর: খ

৬. ফররুখ আহমদের সঙ্গো কোন দশকটি সম্পর্কিত?
ক চল্লিশের দশক খ পঞ্চাশের দশক
গ ষাটের দশক ঘ সত্তরের দশক
উত্তর: ক

৭. ফররুখ আহমদের প্রথম কাব্যের নাম কী?
ক নৌফেল ও হাতেম খ সিরাজাম মুনিরা
গ সাত সাগরের মাঝি ঘ হাতেম তায়ী
উত্তর: গ

৮. নিচের কোনটি ফররুখ আহমদের কাব্যগ্রন্থ?
ক সিরাজাম মুনিরা খ সিরাজাম মুনীরা
গ সিরাজম মুনীরা ঘ সিরাজম মুনিরা
উত্তর: খ

৯. 'নৌফেল ও হাতেম' ফররুখ আহমদের কোন ধরনের গ্রন্থ?
ক কাহিনিকাব্য খ কাব্যনাট্য
গ পত্রকাব্য ঘ কাব্যগ্রন্থ
উত্তর: খ

১০. ফররুখ আহমদের সনেট সংকলনের নাম কী?
ক সচেতন কবিতা খ অপূর্ব কবিতা
গ জাগ্রত কবিতা ঘ মুহূর্তের কবিতা
উত্তর: ঘ

১১. ফররুখ আহমদ ছোটদের জন্য কী লিখেছেন?
ক ছড়া ও কবিতা খ নাটক ও কবিতা
গ ছড়া ও নাটিকা ঘ নাটক ও উপন্যাস
উত্তর: ক

১২. সাহিত্যের স্বীকৃতিস্বরূপ ফররুখ আহমদ কোন পুরস্কার পান?
ক শিশু একাডেমি পুরস্কার খ নজরুল একাডেমি পুরস্কার
গ বাংলা একাডেমি পুরস্কার ঘ চন্দ্রাবতী একাডেমি পুরস্কার
উত্তর: গ

১৩. ফররুখ আহমদ নিচের কোন পুরস্কারটি অর্জন করেন?
ক কালি ও কলম পুরস্কার খ জেমকন পুরস্কার
গ চিহ্ন পুরস্কার ঘ ইউনেস্কো পুরস্কার
উত্তর: ঘ

১৪. ফররুখ আহমদ কত সালে মৃত্যুবরণ করেন?
ক ১৯৭১ সালে খ ১৯৭২ সালে
গ ১৯৭৩ সালে ঘ ১৯৭৪ সালে
উত্তর: ঘ

১৫. কত তারিখে ফররুখ আহমদ মৃত্যুবরণ করেন?
ক ১৯ শে অক্টোবর খ ২০ শে অক্টোবর
গ ২১ শে অক্টোবর ঘ ২২ শে অক্টোবর
উত্তর: ক

১৬. ফররুখ আহমদ কোথায় মৃত্যুবরণ করেন?
ক রাজশাহীতে খ মাগুরায়
গ ঢাকায় ঘ বরিশালে
উত্তর: গ

১৭. ফররুখ আহমদ মরণোত্তর কোন পুরস্কার লাভ করেন? [ঢাকা কমার্স কলেজ]
ক বাংলা একাডেমি পুরস্কার খ স্বাধীনতা পুরস্কার
গ একুশে পদক ঘ ইউনেস্কো পুরস্কার
উত্তর: গ

১৮. নিচের কোনটি ফররুখ আহমদের কাহিনি কাব্য? [যশোর সরকারি মহিলা কলেজ]
ক নৌফেল ও হাতেম খ হাতেম তায়ী
গ সিরাজাম মুনীরা ঘ সাত সাগরের মাঝি
উত্তর: খ

১৯. ফররুখ আহমদের বিশ্বাস ছিল– [চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]
ক ইসলামি ঐতিহ্যের পুনরুজ্জীবনে
খ দার্শনিক চিন্তাধারার বিপরীতে
গ সুফিবাদী ভাবধারায়
ঘ সর্বধর্ম সমন্বয়ের আন্দোলনে
উত্তর: ক

২০. ফররুখ আহমদের জন্মের সঙ্গো সম্পর্ক রয়েছে–
i. মাগুরা জেলায়
ii. ১৯১৮ খ্রিষ্টাব্দে
iii. ১১ জুন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
উত্তর: ক

২১. ফররুখ আহমদের গ্রন্থ হলো–
i. সিরাজাম মুনীরা
ii. সাত সাগরের মাঝি
iii. মুহূর্তের কবিতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
উত্তর: ঘ

২২. ফররুখ আহমদ লাভ করেন–
i. শিশু একাডেমি পুরস্কার
ii. বাংলা একাডেমি পুরস্কার
iii. ইউনেস্কো পুরস্কার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
উত্তর: গ

২৩. ফররুখ আহমদের মৃত্যুবরণের সঙ্গো সম্পর্কিত–
i. ১৯ অক্টোবর
ii. ১৯৭৪ সাল
iii. ঢাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
উত্তর: ঘ

Educationblog24.com



## মূলপাঠ ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ২৮৯

২৪. কে অনেক ঘূর্ণিতে ঘুরেছে?
ক পদ্মা খ জীবন
গ গ দুরন্ত হার্মাদ ঘ সজীবতা

২৫. দুরন্ত হার্মাদ কিসের স্বাদ পেয়েছে?
ক নদীর খ বিলের
ঘ গ বন্দরের ঘ সমুদ্রের

২৬. জীবনের পথে পথে কারা অভিজ্ঞতা কুড়িয়েছে?
ক জলদস্যুরা খ নাবিকরা
ক গ মাঝিরা ঘ চালকরা

২৭. দুরন্ত হার্মাদ কোন স্থান থেকে অভিজ্ঞতা কুড়িয়েছে?
ক জীবনের যন্ত্রণা থেকে খ জীবনের মসৃণতা থেকে
গ গ জীবনের পথ থেকে ঘ জীবনের মাঝ থেকে

২৮. জীবনের পথ থেকে জলদস্যু– দুরন্ত হার্মাদ কতটুকু অভিজ্ঞতা অর্জন করেছে?
ক সামান্য খ প্রচুর
খ গ খুব অল্প ঘ অধিক

২৯. "কেঁপেছে তোমাকে দেখে"– 'তোমাকে' বলতে কাকে বোঝানো হয়েছে?
ক কবিকে খ দস্যুকে
গ গ পদ্মাকে ঘ স্রোতকে

৩০. 'পদ্মা' কবিতায় কার তরঙ্গভঙ্গের কথা বলা হয়েছে?
ক পদ্মার খ সমুদ্রের
ক গ যমুনার ঘ নদীর

৩১. তরঙ্গভঙ্গে কার বর্ণ পাণ্ডুর হয়েছে?
ক নদীর খ বালুকাবেলার
গ গ চরের ঘ লোকালয়ের

৩২. পদ্মার তরঙ্গভঙ্গে চরের বর্ণ কেমন হয়েছে?
ক পাণ্ডুর খ লাল
ক গ বেগুনি ঘ তামাটে

৩৩. 'পদ্মা' কবিতায় কারা দুই তীরে লাঙল চালায়?
ক শৌখিন মানুষ খ সংগ্রামী মানুষ
খ গ দরিদ্র মানুষ ঘ হিসেবি মানুষ

৩৪. 'পদ্মা' কবিতায় কোথায় লাঙল চালানোর কথা বলা হয়েছে?
ক দুই তীরে খ এক তীরে
ক গ জমিতে ঘ উঠানে

৩৫. সংগ্রামী মানুষ পদ্মার দুই তীরে কী চালায়?
ক শাবল খ গাড়ি
গ গ লাঙল ঘ হাত

৩৬. 'লাঙল' চালানোর সঙ্গে নিচের কোন বিষয়টি সম্পৃক্ত?
ক বাড়ি খ নদী
গ গ চর ঘ সমুদ্র

৩৭. "শস্যদানা পেয়েছে প্রচুর"– কারা শস্যদানা পেয়েছে?
ক সংগ্রামী মানুষ খ বিলাসী মানুষ
ক গ সাহসী মানুষ ঘ বোকা মানুষ

৩৮. কোথায় পর্যাপ্ত ফসল ফলানোর কথা বলা হয়েছে?
ক উর্বর চরে খ অনুর্বর চরে
ক গ সমৃদ্ধ চরে ঘ মসৃণ চরে

৩৯. উর্বর চরে কী ফলানোর কথা বলা হয়েছে?
ক শস্য খ ফসল
খ গ আখ ঘ বাদাম

৪০. জীবন-মৃত্যুর দ্বন্দ্ব কেমন?
ক দ্বন্দ্ব মুখর খ বিভ্রান্তিকর
গ গ নিঃসংশয় ঘ কোমল

৪১. জীবন-মৃত্যুর দ্বন্দ্বে নিঃসংশয় কারা?
ক নির্ভীক জওয়ান খ সাধারণ মানুষ
ক গ শ্রমজীবী মানুষ ঘ উচ্চাকাঙ্ক্ষী মানুষ

৪২. 'পদ্মা' কবিতায় কারা নির্ভীক জওয়ান?
ক বিশ্বাসী মানুষ খ অস্তিত্ববাদী মানুষ
ঘ গ সাহসী মানুষ ঘ সংগ্রামী মানুষ

৪৩. "বর্ষায় তোমার স্রোতে গেছে ভেসে সাজানো বাগান।"– এখানে কার স্রোতের কথা বলা হয়েছে?
ক নদীর খ সমুদ্রের
গ গ পদ্মার ঘ জীবনের

৪৪. সাজানো বাগানের সঙ্গে নিচের কোনটির সম্পর্ক রয়েছে?
ক যমুনার স্রোতের খ মেঘনার স্রোতের
গ গ পদ্মার স্রোতের ঘ সুরমার স্রোতের

৪৫. জীবনের অজস্র সম্ভার কখন ভেসে যায়?
ক বর্ষার সময় খ শরৎ কালে
ক গ গ্রীষ্মের সময় ঘ রাতের বেলা

৪৬. 'পদ্মা' কবিতায় কেমন আহ্বান জাগার কথা বলা হয়েছে?
ক সম্পূর্ণ খ পরিপূর্ণ
খ গ আংশিক ঘ বিকশিত

৪৭. মৃত জড়তার বুকে কোনটি খোলার কথা বলা হয়েছে?
ক মুক্তির দ্বার খ জীবনের দ্বার
গ গ মুক্তির স্বর্ণদ্বার ঘ জীবনের স্বর্ণদ্বার

৪৮. 'পদ্মা' কবিতায় কার সুতীব্র গতির কথা বলা হয়েছে?
ক পদ্মার খ যমুনার
ক গ মেঘনার ঘ ব্রহ্মপুত্রের

৪৯. পদ্মার স্রোতধারা কেমন?
ক কোমল খ মসৃণ
ঘ গ পেলব ঘ প্রদীপ্ত

৫০. বর্ষায় পদ্মার স্রোতে কী ভেসে গেছে? [ঢাকা কমার্স কলেজ]
ক সাজানো বাগান খ শস্যদানা
ক গ সবুজের সমারোহ ঘ নতুন চর

৫১. পদ্মাকে দেখে কেঁপে উঠেছে– [যশোর সরকারি মহিলা কলেজ]
ক নির্ভীক জোয়ান খ সংগ্রামী মানুষ
গ গ দুরন্ত হার্মাদ ঘ প্রদীপ্ত স্রোতধারা

৫২. 'পদ্মা' কবিতায় কেমন আহ্বান জাগার কথা বলা হয়েছে? [রাজশাহী সরকারি সিটি কলেজ]
ক সম্পূর্ণ খ পরিপূর্ণ
খ গ আংশিক ঘ বিকশিত

৫৩. কে 'মুক্তির স্বর্ণদ্বার' খুলেছে? [কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ]
ক পদ্মাপাড়ের সংগ্রামী মানুষ খ পদ্মায় চরে বসবাস করা মানুষ
ঘ গ পদ্মার প্রকৃতি ও পরিবেশ ঘ পদ্মা নদীর স্রোত

৫৪. পদ্মা তীরবর্তী মানুষদের 'সংগ্রামী মানুষ' বলার কারণ– [আনন্দ মোহন সরকারি কলেজ, ময়মনসিংহ]
i. সর্বদা যুদ্ধ করতে চায় বলে
ii. প্রকৃতির সঙ্গে সংগ্রাম করে বাঁচে বলে
iii. লড়াই করে খাদ্যশস্য ফলায় বলে
নিচের কোনটি সঠিক?
গ ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫৫. 'পদ্মা' কবিতায় জলদস্যু হার্মাদ জীবনের পথে অভিজ্ঞতা কুড়ায়–
i. বহু বছর ঘুরে
ii. অনেক ঘূর্ণিতে ঘুরে
iii. সমুদ্রের স্বাদ পেয়ে
নিচের কোনটি সঠিক?
গ ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii



CamScanner

Educationblog24.com





৫৬. মানুষ প্রচুর শস্যদানা পেয়েছে—
i. কঠিন পরিশ্রম করে
ii. দুই তীরে লাঙল চালিয়ে
iii. সামান্য পরিশ্রম করে
নিচের কোনটি সঠিক?
ক ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৫৭. বর্ষায় পদ্মার স্রোতে ভেসে গেছে—
i. সাজানো বাগান
ii. অসংখ্য জীবন
iii. জীবনের অজস্র সম্ভার
নিচের কোনটি সঠিক?
ঘ ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৫৮. মৃত জড়তার বুকে খুলেছে মুক্তির স্বর্ণদ্বার—
i. পদ্মার সুতীব্র গতি
ii. পদ্মার স্রোতধারা
iii. পদ্মার উল্লাস
নিচের কোনটি সঠিক?
ক ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ৫৯ নম্বর প্রশ্নের উত্তর দাও।
নদীর কিনার ঘন ঘাসে ভরা
মাঠ থেকে গরু নিয়ে আয় ত্বরা
করিস না দেরী— আসিয়া পড়িবে সহসা অথৈ জল
মাঠ থেকে গরু নিয়ে আয় ত্বরা, মেঘনায় নামে ঢল।

৫৯. উদ্দীপকের প্রথম দুই চরণে 'পদ্মা' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? [মহিলা কলেজ, চট্টগ্রাম]
ⓐ নদীর ভয়ংকর রূপ ⓑ নদীতীরের সৌন্দর্যময় রূপ
ক ⓒ জলদস্যুর আতঙ্ক ⓓ জড়তা থেকে মুক্তির আহ্বান

■ উদ্দীপকটি পড়ে ৬০ ও ৬১ নম্বর প্রশ্নের উত্তর দাও।
ভাঙনপ্রবণ তীরে যাদের আবাস তারা কেউ সুখে নেই; বরং দুঃখেই কাটে তাদের দিনকাল। [কুমিল্লা সরকারি মহিলা কলেজ]

৬০. উদ্দীপক ও 'পদ্মা' কবিতার মধ্যে মিল রয়েছে—
i. নদীর তীরবর্তী মানুষের দুর্ভোগ
ii. নদীর জীবনপ্রবাহ
iii. কৃষিতে নদীর প্রভাব
নিচের কোনটি সঠিক?
ক ⓐ i ⓑ ii ⓒ ii ও iii ⓓ i ও iii

৬১. "বরং দুঃখেই কাটে তাদের দিনকাল" চরণটির ভাবের সাথে 'পদ্মা' কবিতার নিচের কোন চরণের ভাবের সাদৃশ্য রয়েছে?
ⓐ তোমার তরঙ্গভঙ্গে বর্ণ তার হয়েছে পান্ডুর।
ⓑ বর্ষায় তোমার স্রোতে গেছে ভেঙে সাজানো বাগান।
ⓒ সবুজের সমারোহে জীবনের পেয়েছে দখল।
খ ⓓ মৃত জড়তার বুকে খুলেছে মুক্তির স্বর্ণদ্বার।

■ উদ্দীপকটি পড়ে ৬২ ও ৬৩ নম্বর প্রশ্নের উত্তর দাও।
এ জলের দেশ। বর্ষাকালে চারিদিকে জলজঙ্গলময় হইয়া যায়। প্রত্যেক বছর কয়েকটা দিনের জন্য এই সময়ে মানুষের বাড়িঘর আর উঁচু জমিগুলি ছাড়া সারাটা দেশ জলে ডুবিয়া থাকে। জল যেবার বেশি হয় মানুষের বাড়ির উঠানও সেবার রেহাই পায় না। [নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী]

৬২. উদ্দীপকে 'পদ্মা' কবিতার কোন দিকটি প্রকাশিত হয়েছে?
ⓐ সবুজের সমাহার ⓑ কল্যাণময়ী
গ ⓒ স্ফীত জলস্রোত ⓓ ভয়ংকর ঢেউ

৬৩. উদ্দীপক ও 'পদ্মা' কবিতায় প্রকাশিত হয়েছে—
i. হার্মাদের ভয়ংকর অভিজ্ঞতা
ii. পদ্মার প্রমত্ত রূপ
iii. বিপর্যস্ত জনজীবন
নিচের কোনটি সঠিক?
খ ⓐ i ও ii ⓑ ii ও iii ⓒ i ও iii ⓓ i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ৬৪ ও ৬৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।
সেদিনও আকাশে ঘনাল বর্ষা
বাজে আর বিদ্যুতে
নেমে এল সে কি শ্রাবণের ধারা
প্রবল জীবন যেন।
নেমে এল এক মুহূর্ত উল্লাসে
ভাসাল প্রাত্যহিকের কচড়া
মেশাল আপন সত্তাকে দূরে ঘরে এনে অদ্ভুতে
নেমে এল বাধাবন্ধন হারা
দীর্ঘ জীবন যেন। [তথ্যসূত্র : বারোমাস্যা– বিষ্ণু দে]

৬৪. উদ্দীপকের সঙ্গে কোন কবিতার আংশিক সাদৃশ্য রয়েছে?
ⓐ পদ্মা ⓑ প্রতিদান
ক ⓒ বিদ্রোহী ⓓ সোনার তরী

৬৫. উদ্দীপকের সঙ্গে উক্ত কবিতার কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে?
ⓐ নদীর অস্বাভাবিকতা ⓑ পদ্মার গতিশীলতা
গ ⓒ জীবনের অস্বাভাবিকতা ⓓ পদ্মার কোমল রূপ

■ উদ্দীপকটি পড়ে ৬৬ ও ৬৭ নম্বর প্রশ্নের উত্তর দাও।
এ আমার শৈশবের নদী, এই জলের প্রহার
সারাদিন তীর ভাঙে, পাক খায়, ঘোলা স্রোত টানে
যৌবনের প্রতীকের মতো অসংখ্য নৌকার পালে
গতির প্রবাহ হানে। মাটির কলসে জল ভরে
ঘরে ফিরে সলিমের বউ তার ভিজে দুটি পায় [তথ্যসূত্র : তিতাস– আল মাহমুদ]

৬৬. উদ্দীপকের সঙ্গে 'পদ্মা' কবিতার কোন বিষয়টির সাদৃশ্য রয়েছে?
ⓐ পদ্মার পেলবতা ⓑ পদ্মার নীরবতা
ঘ ⓒ পদ্মার কোমলতা ⓓ পদ্মার বৈশিষ্ট্য

৬৭. "সারাদিন তীর ভাঙে, পাক খায়, ঘোলা স্রোত টানে"— এর সঙ্গে 'পদ্মা' কবিতার কোন চরণের মিল রয়েছে?
ⓐ উর্বর তোমার চরে ফলায়েছে পর্যাপ্ত ফসল
ⓑ বর্ষায় তোমার স্রোতে গেছে ভেসে সাজানো বাগান
ⓒ হে নদী! জেগেছে তবু পরিপূর্ণ আহ্বান
খ ⓓ মৃত জড়তার বুকে খুলেছে মুক্তির স্বর্ণদ্বার

## শব্দার্থ ও টীকা ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ২৯০

৬৮. 'হার্মাদ' শব্দের অর্থ হলো—
ⓐ জার্মান জলদস্যু ⓑ জাপানি জলদস্যু
গ ⓒ পর্তুগিজ জলদস্যু ⓓ ভারতীয় জলদস্যু

৬৯. 'তরঙ্গ' শব্দের অর্থ কোনটি?
ⓐ তাল ⓑ উচ্ছ্বাস
গ ⓒ ঢেউ ⓓ গতি

৭০. 'পান্ডুর' শব্দের অর্থ কী?
ⓐ পাণ্ডুলিপি ⓑ পাংশুটে
খ ⓒ জাতিবিশেষ ⓓ পাপ

৭১. 'জওয়ান' শব্দের অর্থ—
ⓐ মানুষ ⓑ বলবান ব্যক্তি
খ ⓒ শক্তিহীন ⓓ দুর্বল

৭২. 'সমারোহ' শব্দের সঙ্গে সাদৃশ্য রয়েছে কোন শব্দের?
ⓐ জাঁকজমকহীন ⓑ সন্দেহহীন
গ ⓒ আড়ম্বর ⓓ পাথেয়

৭৩. 'সম্বল' শব্দের অর্থ কী?
ⓐ উর্বর ⓑ পাথেয়
খ ⓒ প্রদীপ্ত ⓓ স্রোতের তোড়

৭৪. 'প্রদীপ্ত' শব্দের সম অর্থ বহন করে নিচের কোনটি?
ⓐ উজ্জ্বল ⓑ উর্বর
ক ⓒ হার্মাদ ⓓ পান্ডুর

CS CamScanner

Educationblog24.com



**পাঠ-পরিচিতি ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ২৯০**

'পদ্মা' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?
ⓚ হাতেম তায়ী ⓛ সাত সাগরের মাঝি
ⓜ কাফেলা ⓝ নৌফেল

'কাফেলা' কাব্যগ্রন্থের সাথে কোন সালটির সম্পর্ক রয়েছে?
ⓚ ১৯৭০ ⓛ ১৯৮০
ⓜ ১৯৯০ ⓝ ২০০০

বাংলাদেশের অসংখ্য নদ-নদীর মধ্যে পদ্মা–
ⓚ দীর্ঘ ⓛ সর্ববৃহৎ
ⓜ ছোট ⓝ শান্ত

'পদ্মা' কবিতায় নদীর কয়টি রূপ?
ⓚ এক ⓛ তিন
ⓜ দুই ⓝ চার

৭৯. সমুদ্র ঘোরার অভিজ্ঞতায় কাশ হওয়ার সাথে কার সম্পর্ক রয়েছে?
ⓚ পদ্মার ⓛ পদ্মার ঘূর্ণির
ⓜ জলদস্যুর ⓝ জওয়ানের
(গ)

৮০. কখন পদ্মা জলস্রোতে স্ফীত হয়?
ⓚ গ্রীষ্মকালে ⓛ বর্ষাকালে
ⓜ শীত কালে ⓝ শরৎকালে
(খ)

৮১. 'পদ্মা' কবিতার চরণ সংখ্যা কতটি?
ⓚ ১২টি ⓛ ১৩টি
ⓜ ১৪টি ⓝ ১৫টি
(গ)

৮২. 'পদ্মা' কী ধরনের কবিতা?
ⓚ কাহিনি কবিতা ⓛ গীতিকবিতা
ⓜ চতুর্দশপদী কবিতা ⓝ দেশাত্মবোধক কবিতা
(গ)

৮৩. 'পদ্মা' কবিতার মিলবিন্যাস কী?
ⓚ কখক খগখ গঘগ ঘঙঘ ঙঙ ⓛ কখখ খগগ গঘগ ঘঙঘ চচ
ⓜ ককখ খগখ গঘগ ঘঙঘ ঙঙ ⓝ কখক খগগ গঘগ ঘঙঘ ঙঙ
(ক)

## সৃজনশীল অংশ — চূড়ান্ত প্রস্তুতিমূলক প্রশ্ন ও উত্তর

A+ গ্রেড এর নিশ্চয়তা | NCTB প্রদত্ত পূর্ণাঙ্গ সিলেবাস ও চূড়ান্ত মানবণ্টনের আলোকে এইচএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির নিশ্চয়তায় শীর্ষস্থানীয় কলেজ ও মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর।

### কলেজ ও মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর — পাঠ্যবইয়ের শিখনফলসূত্র সংবলিত

**প্রশ্ন ১ ▸ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা** • প্রশ্ন ৬

রাজবাড়ী জেলার গোয়ালন্দ নদী-তীরবর্তী এলাকা। প্রতিবছর বর্ষা মৌসুমে গোয়ালন্দের আশেপাশের অনেক এলাকা নদীভাঙনের শিকার হয়। এলাকার দুটি স্কুল, একটি কলেজসহ জনপদের অসংখ্য বাড়ি ও বসতি নদীগর্ভে বিলীন হয়ে যায়। ভাঙনের শিকার মানুষগুলো আবার গোয়ালন্দের নদীতীরে বন্যাপ্লাবিত জমিতে বাদাম, আলু, ধান, পাট লাগিয়ে প্রচুর ফসল ঘরে তুলতে সক্ষম হয়। সর্বস্বান্ত মানুষ যেন নতুন অনুপ্রেরণায় বেঁচে থাকার স্বপ্ন দেখে।

ক. 'জওয়ান' কোন ভাষার শব্দ? ১
খ. "কেঁপেছে তোমাকে দেখে দুরন্ত হার্মাদ।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের গোয়ালন্দ নদী-তীরবর্তী ভাঙনের চিত্র 'পদ্মা' কবিতার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "সর্বস্বান্ত মানুষ যেন নতুন অনুপ্রেরণায় বেঁচে থাকার স্বপ্ন দেখে।"– উদ্দীপকের আলোচ্য বাক্যে 'পদ্মা' কবিতার মর্মার্থই যেন ফুটে উঠেছে– বিশ্লেষণ কর। ৪

**১নং প্রশ্নের উত্তর :** ▸ শিখনফল ১০

ক • 'জওয়ান' ফারসি ভাষার শব্দ।

খ • আলোচ্য পঙ্‌ক্তিতে পদ্মার ভয়ংকর রূপটি প্রকাশ পেয়েছে।

'পদ্মা' কবিতায় কবি পদ্মা নদীর ভয়ংকর ও প্রমত্ত রূপ তুলে ধরেছেন। এর স্রোতে সাজানো বাগান ভেসে যায়। বর্ষাকালে এর স্রোত দুই পাড়ের জনজীবনকে ভাসিয়ে নিয়ে যায়। পদ্মার প্রমত্ত ঢেউ দেখে বহু সমুদ্রে ভ্রমণকারী হার্মাদ জলদস্যুদের প্রাণও শুকিয়ে যেত। আলোচ্য পঙ্‌ক্তিতে পদ্মার সেই প্রমত্ত রূপের বর্ণনা ফুটে উঠেছে।

গ • উদ্দীপকের গোয়ালন্দ নদী-তীরবর্তী ভাঙনের চিত্র 'পদ্মা' কবিতায় বর্ণিত পদ্মার ধ্বংসাত্মক রূপের সঙ্গে সাদৃশ্যপূর্ণ।

'পদ্মা' কবিতা কবি পদ্মার ধ্বংসাত্মক ও ভয়ংকর বৈশিষ্ট্য ফুটিয়ে তুলেছেন। এ নদী কখনো কখনো এমন রূপ ধারণ করে যে তা দেখে মানুষ ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে। বর্ষাকালে এ নদীর জলস্রোত স্ফীত হয়ে ভাসিয়ে নিয়ে যায় মানুষের সাজানো বাগান, ঘর, এমনকি জীবনও।

• উদ্দীপকে গোয়ালন্দ দিয়ে বয়ে যাওয়া নদীর ধ্বংসাত্মক রূপ প্রকাশ পেয়েছে। এ নদীর স্বেচ্ছাচারের শিকার হয়েছে দুই তীরের মানুষ। বসতভিটা, ফসলি জমি এ নদীর ভাঙনে অতল গর্ভে হারিয়ে গেছে। 'পদ্মা' কবিতায় উল্লিখিত পদ্মার ভয়ংকর রূপ দেখে দুরন্ত হার্মাদ জলদস্যুরাও ভয়ে কাঁপত। পদ্মা স্বেচ্ছাচারী। প্রতিবছর বন্যার প্লাবনে এ নদীর দুই তীরের জনবসতি, ঘরবাড়ি নদীভাঙনের শিকার হয়; এমনকি প্রাণহানিও ঘটে। এভাবে উদ্দীপকটি 'পদ্মা' কবিতায় বর্ণিত পদ্মা নদীর স্বেচ্ছাচারের শিকার মানুষের সঙ্গে সাদৃশ্যপূর্ণ।

ঘ • "সর্বস্বান্ত মানুষ যেন নতুন অনুপ্রেরণায় বেঁচে থাকার স্বপ্ন দেখে।"– উদ্দীপকের আলোচ্য বাক্যে 'পদ্মা' কবিতার মর্মার্থই যেন ফুটে উঠেছে মন্তব্যটি যথার্থ।

• 'পদ্মা' কবিতায় ফররুখ আহমদ পদ্মার ধ্বংসাত্মক ও কল্যাণময়ী উভয় দিককে সার্থকতার সঙ্গে তুলে ধরেছেন। বর্ষাকালে পদ্মার প্লাবনে জনজীবন সর্বস্বান্ত হয়ে পড়ে। তবে পদ্মার এই প্লাবন পলিমাটি বহন করায় তা ফসলের পক্ষে খুবই উপযোগী। এই পলিমাটির কল্যাণে ফলানো ফসলের কথা 'পদ্মা' কবিতায় কবি তুলে ধরেছেন।

• উদ্দীপকে গোয়ালন্দ দিয়ে বয়ে যাওয়া নদীর প্লাবনে সর্বস্বান্ত জনজীবনের চিত্র ফুটে উঠেছে। তবে বন্যায় পলিবাহিত মাটিতে বাদাম, আলু, পাট, ধান লাগিয়ে প্রচুর ফসল পায় ওই এলাকার জনসাধারণ। তারা যেন নতুনভাবে বাঁচার অনুপ্রেরণা পায়। 'পদ্মা' কবিতায়ও পদ্মা নদীর করাল গ্রাসে ক্ষতিগ্রস্ত মানুষ সেই ধ্বংসস্তূপের ভেতর আবার নতুন জীবনের প্রেরণা পায় সেই পদ্মাকে ঘিরেই।

• 'পদ্মা' কবিতায় বর্ণিত পদ্মার প্লাবন জান-মালের ক্ষতিসাধন করলেও পলিবাহিত এ প্লাবন ফসলের অতিরিক্ত ফলনের উপযোগী। সোনার ফসল এই এলাকার জনগোষ্ঠীর বেঁচে থাকার সম্বল। এর ওপর ভর করেই মানুষ আবার বেঁচে থাকার আশায় বুক বাঁধে। উদ্দীপকের নদীর